আজকের পত্রিকা

# ডব্লিউইউআরআই র‍্যাঙ্কিংয়ে উত্তরা ইউনিভার্সিটি

বিজ্ঞপ্তি

প্রকাশ : ০৯ জুন ২০২৪, ১৩:৫২

Source: https://www.ajkerpatrika.com




ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ফর ইনোভেশনে (ডব্লিউইউআরআই) স্থান পেয়েছে বাংলাদেশের উত্তরা ইউনিভার্সিটি। সম্প্রতি প্রকাশিত প্রতিবেদনে তিন ক্যাটাগরিতে বিভিন্ন অবস্থানে রয়েছে এই বিশ্ববিদ্যালয়।

বিশ্বের শীর্ষ ৩০০ ইনোভেটিভ ইউনিভার্সিটির মধ্যে ডব্লিউইউআরআই-২০২৪ র‍্যাঙ্কিংয়ে রয়েছে উত্তরা ইউনিভার্সিটি। শীর্ষ ২৫-এ আছে অক্সফোর্ড ইউনিভার্সিটি, কেমব্রিজ ইউনিভার্সিটি, হার্ভার্ড ইউনিভার্সিটি, প্রিন্সটন ইউনিভার্সিটি ও ক্যালিফোর্নিয়ার স্ট্যানফোর্ড ইউনিভার্সিটি।

বিশ্বের শীর্ষ ১০০ ইউনিভার্সিটির মধ্যে ডব্লিউইউআরআই র‍্যাঙ্কিংয়ে স্টুডেন্ট সাপোর্ট অ্যান্ড এনগেজমেন্টে ওয়ার্ল্ড র‍্যাঙ্কিংয়ে ১২ তম অবস্থানে রয়েছে বাংলাদেশের উত্তরা ইউনিভার্সিটি। এই ক্যাটাগরিতে বাংলাদেশের মধ্যে উত্তরা ইউনিভার্সিটির অবস্থান প্রথম। বাংলাদেশের আর কোনো বিশ্ববিদ্যালয় এই ক্যাটাগরিতে নেই। ক্যাটাগরিতে শীর্ষ তিনের মধ্যে রয়েছে ফিলিপাইনের ইউনিভার্সিটি অব বাগুইও প্রথম, দ্বিতীয় স্থানে রয়েছে

মেক্সিকোর ইউনিভার্সিডাদ দে লাস আমেরিকা, তৃতীয় স্থানে রয়েছে উত্তর থাইল্যান্ডের চিয়াং মাই ইউনিভার্সিটি। এই ক্যাটাগরিতে ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়ার অবস্থান ১৫ তম।

বিশ্বের শীর্ষ ১০০ ইউনিভার্সিটির মধ্যে ডব্লিউইউআরআই র‍্যাঙ্কিংয়ে সাপোর্ট ফর গ্লোবাল রেজিলেন্স ক্যাটাগরিতে র‍্যাঙ্কিংয়ের দিক থেকে ১৭ তম অবস্থানে রয়েছে বাংলাদেশের উত্তরা ইউনিভার্সিটি। এখানে শীর্ষে রয়েছে দক্ষিণ কোরিয়ার হাংকুক ইউনিভার্সিটি অব ফরেন স্টাডিজ।

বিশ্বের শীর্ষ ১০০ ইউনিভার্সিটির মধ্যে ডব্লিউইউআরআই র‍্যাঙ্কিংয়ে ইনফ্রাস্ট্রাকচার ও টেকনোলজি ক্যাটাগরিতে ২২ তম অবস্থানে রয়েছে উত্তরা ইউনিভার্সিটি। এই ক্যাটাগরিতে শীর্ষ তিনের মধ্যে রয়েছে- চিলির ইউনিভার্সিটিড অস্ট্রাল প্রথম, দ্বিতীয় অবস্থানে রয়েছে আর্জেন্টিনার পন্টিফিক্যাল ইউনিভার্সিটিড ক্যাথলিক ইউনিভার্সিটি এবং তৃতীয় অবস্থানে রয়েছে অস্ট্রেলিয়ার ইউএনএসডাব্লিউ সিডনি ইউনিভার্সিটি। এই ক্যাটাগরিতে বাংলাদেশের মোট ৭টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে।

ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ফর ইনোভেশন (ডব্লিউইউআরআই) উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রকৃত অবদান মূল্যায়ন করে, উদ্ভাবনী শিক্ষা, গবেষণা এবং সমাজের সঙ্গে জড়িত থাকার বিষয়টি তুলে ধরে। ২০২৪-এ ১৩টি ক্যাটাগরিতে র‍্যাঙ্কিং করা হয়েছে, যা সামাজিক অগ্রগতিতে শিক্ষাপ্রতিষ্ঠানের সৃজনশীল অবদান পরিমাপ করে। এরই ধারাবাহিকতায় বিশ্ব বিখ্যাত গবেষণা সংস্থা ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং ফর ইনোভেশন (ডব্লিউইউআরআই) ৭ জুন সকালে ফ্রাঙ্কলিন ইউনিভার্সিটি সুইজারল্যান্ডের ৪র্থ এইচএলইউ কনফারেন্সে ইউনিভার্সিটি র‍্যাঙ্কিং-২০২৪ প্রকাশ করেছে।

উত্তরা ইউনিভার্সিটির এই অর্জন বিশ্ববিদ্যালয়ের মর্যাদাকে আরও সমুন্নত ও সুদৃঢ় করেছে। ইউনিভার্সিটির এই অসামান্য অর্জনের জন্য উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ইয়াসমীন আরা লেখা ও ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর গৌর গোবিন্দ গোস্বামী ইউনিভার্সিটি পরিবারের সদস্যসহ সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও প্রাণঢালা অভিনন্দন জানিয়েছেন।